# অভিবাবকত্ব

(1983 সালোর মানসিক স্বাইস্থ্য আইন অর সেকশন (ধারা) 7)

| | |
|---|---|
| 1. রুগীর (বেমারীর) নাম | |
| 2. আপনার অভিবাবক-অর<br>2.1 নাম | |
| 2.2 ঠিকানা | |
| 2.3 টেলিফোন নম্বর | |
| 3. আপনার দায়িত্ববান স্থানীয় সমাজ পরিষেবা কর্তৃপক্ষ | |

## অভিবাবকত্ব কিতা ?

1983 সালোর মানসিক স্বাইস্থ্য আইন অর সেকশন (ধারা) 7 মোতাবেক যে সমস্ত মাইনষর মনর গুলমাল আছে, তারারে সাহাইয্য করার লাগি, একজন অভিবাবক দেওয়া অয়, যদি দুইজন ডাক্তোরে মনো করইন যে ইখানোর দরকার আছে।

আপনার অভিবাবক অইতা পারইন আপনার স্থানীয় সমাজ পরিষেবা কর্তৃপক্ষ অথবা, সমাজ পরিষেবা কর্তৃপক্ষয় অনুমোদন করছইন, হোলা কুনু ব্যক্তি। যদি আপনার অভিবাবক সমাজ পরিষেবা কর্তৃপক্ষ একজন না অইন, তে অইলে তারারে কওয়া অয়, "বেসরকারী অভিবাবক"।

আপনার অভিবাবকর, তলর লেখা কথা কওয়ার বেপারে আইনী ক্ষমতা থাকব - যেমন ধরইন ঃ

- আপনে কই থাকতা
- মানসিক চিকিৎসার অ্যাপয়েন্টমেন্ট অর হাজিরা দেওয়া, কাম কাজ, শিক্ষা দীক্ষা, অথবা প্রশিক্ষনর সঠিক জাগা এবং সঠিক সময়
- আপোনার দেখার লাগি ডাক্তোরর অথবা অইন্য মাইনষর নামর অনুমোদন।

## আমার অভিবাবকর দরকার কেনে?

দুইজন ডাক্তোরে মনঅ করইন যে, যেহেতু আপনার মানসিক গুলমাল আছে, গতিকে, গুইঠর মাঝে থাকার লাগি, আপনারে সাহাইয্য করার লাগি একজন অভিবাবকর দরকার যাতে আপনারও ভালা অয়, আর অইন্যান্য মানুষজনরেও সুরইক্ষা দেওয়া যায়।

## ইখান কতদিন থাইকব?

পয়লা, অভিবাবকত্ব ছয়মাসর লাগি থাইকব।

আপনার অভিবাবকত্ব আরও ছয় মাসর লাগি নয়াকরণ (রিনিউ) করা যাইতো পারে, এবং এর বাদে একলগে আরও এক বছরর লাগি করা যাইতো পারে, যদি আপনার মনোনীত মেডিকেল অ্যাটেনটেড্ (যেইন আপনারে ডাক্তোরি যত্ন তালাপি করার লাগি হাজির থাকবা) এ মন অ করইন যে ইখান জরুরী। সময় মত তারা, ই বেপারে আপনার লগে মাত্বা।

আপনার দায়িত্ববান চিকিৎসক অউ অইনা হোউ ডাক্তার, অথবা আপনার স্থানীয় সমাজ পরিষেবা কর্তৃপক্ষয় যারে কইছইন, হোলা অইন্য কুনু ব্যক্তি, যেইন কইয়া দিবা আপনার একজন অভিবাবকঅর দরকার আছ কিনা। যদি আপনার প্রাইভেট অভিবাবক থাকইন, তে অইলে ইখান করবা অইন্য একজন ডাক্তোরে যারে কওয়া অয় আপনার "মনোনীত মেডিকেল অ্যাটেনটেড"।

## আমি কিতা আবেদন করতাম পারমু নি?

আপনে যদি অভিবাবক রাখা বনধ্ করতা চাইন, তে অইলে আপনে আপনার অভিবাবক, আপনার সমাজ কর্মী, আপনার দায়িত্ববান চিকিৎসক, অথবা আপনার মনোনীত মেডিকেল অ্যাটেনটেড অর লগে মাতবা।

আপনে আপনার সমাজ পরিষেবা কর্তৃপক্ষর লগেও, আপনার অভিবাবকত্ব বনধ্ করি দেওয়ার লাগি লেখতাও পারইন। সমাজ পরিষেবা কর্তৃপক্ষ থনে যে কুনু একজনে, আপনার অভিবাবকর দরকার আছে কিনা, হোখান অর বেপারে সিদ্ধান্ত লওয়ার আগে, আপনার লগে মাততা পারইন।

আপনার হকল থনে নিকট আত্মীয়য় সমাজ পরিষেবা কর্তৃপক্ষর কাছে লেখালেখি করিয়া আপনার অভিবাবকত্ব বনধ্ করি দিতা পারইন। অউ লিফলেট বা ক্রোড়পত্র (হরু বই)য় আরও বুঝাই দিবো যে আপনার হক্কলথনে নিকট আত্মীয় কে।

আপনে ট্রাইবুনালরেও লেখতা পারইন যে আপনার আর অভিবাবকর দরকার নাই।

## ট্রাইবুনাল কিতা, আর কিতা অইবো?

ট্রাইবুনাল একখান স্বতন্ত্র প্যানেল যেটায় সিদ্ধান্ত লইব যে আপনার অভিবাবকর দরকার আছে কিনা। ইটায় আপনার লগে, আর আপনারে যারা জানইন, হোউ কর্মীহকলর লগে একখান সভা করব। অউ সভারে কওয়া অয় "হিয়ারিং"। যদি আপনে চাইন, তে অইলে আপনে অইন্য কেউরোরে অউ হিয়ারিং অ আইয়া আপনারে সাহাইয্য করার কথা কইতা পারইন। হিয়ারিং অর আগে, ট্রাইবুনাল অর সদইস্য হকলে আপনার সম্পর্কে, এবং আপনার অভিবাবকত্বর সম্পর্কে প্রতিবেদন পড়বা। ট্রাইবুনালর একজন সদইস্যয় আপনার লগে মাতার লাগিও আইবা।

## আমি ট্রাইবুনালর কাছে কুনসময় আবেদন করতাম পারমু?

আপনার অভিভাবকত্বর পয়লা ছয়মাসর ভিতরে একবার যেকুনু সময় আপনে ট্রাইবুনাল অর কাছে আবেদন করতা পারবা। এর বাদে, পরবর্তী ছয় মাসর ভিতরে আবারো একবার এবং এর বাদে প্রইত্যেক বছরো একবার করি আপনে আবেদন করতা পারবা, যদি আপনে তখনো অভিবাবকত্বর আওতার ভিতরে থাকইন।

আপনে যদি ট্রাইবুনালর কাছে আবেদন করতা চাইন, তে অইলে অউ ঠিকনাত্ লেখইন ঃ

The Tribunals Service
PO BOX 8793
5th Floor
Leicester
LE1 8BN                    টেলিফোন 0300 123 2201

আপনে একজন সলিসিটর (মামলা পরিচালক) রেও কইতা পারইন যাতে তাইন আপনার পক্ষ অইয়া ট্রাইবুনাল অর কাছে লেখইন এবং আপনারে হিয়ারিং (শুনানি)অ সাহাইয্য করইন।
আপনার সমাজ পরিষেবা কর্তৃপক্ষ এবং ল' সোসাইটি (আইন সমাজ) অর কাছে অউ বিষয়ে পারদর্শী - হোলা সলিসিটারর একখান তালিকা বা লিষ্টি আছে। ই বেপারে আপনারে সাহাইয্য করার লাগি, সলিসিটাররে আপনার কুনুরকম পয়সা দেওয়া লাগত নায়। লিগাল এইড স্কীম (আইনি সহায়তা যোজনা) মোতাবেক অউ সাহাইয্য বিনা পয়সায় করা অয়।

## আপনার হক্কল থনে নিকট আত্মীয়রে জানা

মেন্টাল হেল্থ অ্যাক্ট (মানসিক স্বাইস্থ্য আইন) এ কয় যে, অউ লিফলেট (হরু বই) অর একখান কপি যারে দেওয়া অইব, তাইন অউ অইলা আপনার হক্কল থনে নিকট আত্মীয়।

মেন্টাল হেল্থ অ্যাক্ট (মানসিক স্বাইস্থ্য আইন) অর কাছে কয়েকজন মাইনষর নাম লেখা একখান তালিকা (লিষ্টি) আছে, যারারে আপনার আত্মীয় হিসাবে ধরা অয়। সাধারণত, অউ লিষ্টো, যে মাইনষর নাম হকল থনে উপরে আছে, তাইন অউ অইলা গিয়া আপনার হক্কল থনে নিকট আত্মীয়। আপনার সমাজ পরিষেবা কর্তৃপক্ষর আপনারে একখান লিফলেট দিবা, যেটায় ইখান বুঝাইদিব এবং আপনার দেখাশুনা আর চিকিৎসার বেপারে আপনার হক্কল থনে নিকট আত্মীয়র কিতা কিতা অধিকার আছে, হোখানও বুঝাই দিব।

আপনার কেইসো, আমরারে কওয়া অইছে যে আপনার হক্কল থনে নিকট আত্মীয় অইলা ঃ

| |
|---|
| |

আপনে যদি চাইন না যে অউ মাইনষে অউ লিফলেটর একখান কপি পাইন, তে অইলে আপনার অভিবাবক, সমাজ কর্মী, অথবা আপনার যেইন লিফলেট দিছইন, তান লগে দয়া করি মাতইনা।

আপনে যদি মনঅ করইন যে অউ মানুষ আপনার হক্কল থনে নিকট আত্মীয় অওয়ার পক্ষে উপযুক্ত নায়, তে অইলে এন বদলে, অইন্য কেউরোরে আপনার হক্কল থনে নিকট আত্মীয় হিসাবে ধরার লাগি, আপনে কাউন্টি কোর্টঅ আবেদন করতা পারইন। আপনার সমাজ পরিষেবা কর্মীয়ে আপনারে একখান লিফলেট দিবা, যেটায় ইখান ভালাকরি বুঝাই দিব।

## কোড্ অব্ প্র্যাকটিস্ (অইভ্যাসাদির নিয়মনীতি)

আপনার দেখাশুনা করার লাগি যে সমস্ত মানুষ হকল জড়িত আছইন, তারারে মানসিক স্বাইস্থ্য আইন সম্পর্কে পরামর্শ দেওয়ার লাগি একখান কোড্ অব প্র্যাকটিস্ আছে। আপনার দেখাশুনার বেপারে সিদ্ধান্ত লওয়ার সময় হোউ কোডে যেতা কয়, তারা হোখানরে বিবেচনা করবা। আপনে যদি চাইন, তে অইলে হোউ কোডর একখান কপি আপনে দেখতা পারইন।

## আরও বেশতি সাহাইয্য এবং খবরাখবর

যদি আপনে আপনার দেখাশুনা এবং চিকিৎসার বেপারে কুনু বিষয়ে এবো না বুঝিয়া থাকইন, তে অইলে দয়া করি, আপনার অভিবাবক, সমাজ কর্মী অথবা অইন্য কেউ, যেইন আপনার দেখাশুনার বেপারে জড়িত তারারে জিগাইন। যদি আপনে অউ লিফলেটর কুনু বিষয়ে বুধ পাইয়া না থাকইন, অথবা আপনার যদি আরও কুন্তা জিগার করার থাকে, যেটার জবাব অউ লিফলেট অর মাঝে নাই, তে অইলে তারার ইখান বুঝাই দিবার লাগি কইন।

আপনে যদি অইন্য কেউরর লাগি অউ লিফলেটর আরও একখান কপি চাইন, তে অইলে দয়া করিয়া কইন।